



# GILDAN®

**কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য অনৈতিক কার্যকলাপ ফাঁস করা  
সম্পর্কিত নীতি**

12 আগস্ট, 2009 তারিখে পরিচালন পর্ষদ দ্বারা অধিগ্রহীত  
16 জুলাই, 2020 তারিখে শেষবার আপডেট হয়েছে

*এই নীতি "সন্দেহজনক কার্যকলাপ বিরুদ্ধে কর্মীর উদ্বেগ অভ্যর্থনা করা" নীতি বিবৃতি  
এবং "অ্যাকাউন্টিং, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণের বিষয়ে কর্মী নয় এমন ব্যক্তিদের থেকে Gildan  
Activewear Inc.-এর দ্বারা প্রাপ্ত অভিযোগগুলি "গ্রহণ করা, ধরে রাখা এবং ব্যবস্থা নেওয়ার নীতি"-কে প্রতিস্থাপিত করে 3  
ফেব্রুয়ারি, 2004 তারিখে পরিচালন পর্ষদ দ্বারা অধিগ্রহণ করা করা হয়েছিল।*



## সূচীপত্র

I.	ভূমিকা.....	1
II.	উদ্দেশ্য এবং সুযোগ.....	1
III.	কোনরকম প্রতিশোধমূলক আচরণ করা যাবে না.....	2
IV.	উদ্বেগের বিষয়ে অভিযোগ করা.....	2
1.	যোগাযোগের মাধ্যমে অভিযোগ করার পরিকাঠামো.....	2
(i)	কর্মীদের জন্য ম্যানেজমেন্ট চ্যানেলসমূহ.....	2
(ii)	কর্মীদের জন্য যোগাযোগ করা অতিরিক্ত চ্যানেলগুলি.....	3
(iii)	বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য যোগাযোগের প্রত্যক্ষ চ্যানেলসমূহ.....	4
(iv)	বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য যোগাযোগের অতিরিক্ত চ্যানেলসমূহ.....	4
(v)	অভিযোগ দাখিল করা.....	5
(vi)	অভিযোগ পর্যালোচনা করা.....	5
(vii)	অভিযোগের বিষয়ে ফলো-আপ করা এবং সমাধান করা.....	6
(viii)	অভিযোগের অভ্যন্তরীণ রিপোর্টিং.....	6
2.	নৈতিকতা এবং অনুবর্তীতা হটলাইন.....	7
3.	কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের গোপনীয়তা.....	8
4.	অতিরিক্ত তথ্য.....	8



এই নীতিতে, “Gildan” অথবা “কোম্পানি” শব্দগুলি Gildan Activewear Inc. এবং এর সহায়ক ও অনুমোদিত কোম্পানিগুলিকে বোঝায়।

## I. ভূমিকা

Gildan-এর বিশ্বব্যাপী ক্রিয়াকলাপে উচ্চ নৈতিক মান বজায় রাখা এবং কর্মী ও স্টেকহোল্ডারদের সাথে নিরবিচ্ছিন্ন এবং অর্থবহ বার্তালাপ বজায় রাখার অঙ্গীকার জারি রাখতে, Gildan, তাদের কর্মী, আধিকারিক, অধিকর্তা, পরামর্শদাতা, ঠিকাদার, এজেন্ট ও সরবরাহকারীদের দ্বারা করা অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ বিষয়ে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারদের থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ করা, ধরে রাখা এবং ব্যবস্থা নেওয়ার জন্য Gildan এই নৈতিক কার্যকলাপ ফাঁস করা সম্পর্কিত নীতি প্রতিষ্ঠা করেছে (“নীতি”)।

## II. উদ্দেশ্য এবং সুযোগ

এই নীতির উদ্দেশ্য হল Gildan-এর কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের এমন যোগাযোগের মাধ্যম প্রদান করা যা তাদেরকে প্রয়োজন হলে কোনরকম প্রতিহিংসা বা প্রতিশোধের ভয় ছাড়াই আত্মবিশ্বাসের সাথে পরিচয় গোপন রেখে উদ্বেগ প্রকাশ করতে সাহায্য করে। যে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডাররা মনে করেন যে অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ ঘটেছে বা ঘটবে, তাদেরকে এই নীতি অনুসারে উদ্বেগ প্রকাশ করার জন্য উৎসাহিত করা হয়। সং উদ্দেশ্যে করা অভিযোগ বা উদ্বেগের জন্য Gildan একটি যুক্তিসঙ্গত সময়সীমার মধ্যে তদন্ত, প্রতিকার করা এবং প্রত্যুত্তর দেওয়ার অঙ্গীকার করে।

এই নীতিতে, “বহিরাগত স্টেকহোল্ডার” বলতে সেই ব্যক্তি, গোষ্ঠী বা সংস্থাগুলিকে বোঝায় যারা Gildan-এর বিশ্বব্যাপী ক্রিয়াকলাপ বা কাজের কারণে বা সেই সম্বন্ধীয় সমস্যার কারণে প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে প্রভাবিত হয়েছে। এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে কিন্তু সীমিত নয়, সরবরাহকারী, ঠিকাদার বা গ্রাহকগণ (অথবা তাদের সংশ্লিষ্ট যেকোনও কর্মী), বেসরকারি সংস্থা (NGOs), এবং/অথবা Gildan যে সমুদায়গুলিতে কাজ করে সেই সমুদায়গুলির সদস্যগণ।

“অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ” হল এমন পরিভাষা যা এই নীতিতে ব্যবহার করা হয় কোম্পানি, কোম্পানির কর্মী, আধিকারিক, অধিকর্তা, পরামর্শদাতা, ঠিকাদার, এজেন্ট বা সরবরাহকারীদের দারা করা যেকোনও ধরনের বেআইনি, প্রতারণামূলক, অসৎ বা অনৈতিক কার্যকলাপকে বর্ণনা করার জন্য। অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ সম্পর্কিত উদ্বেগের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে কিন্তু সীমাবদ্ধ নাও হতে পারে:

- সন্দেহজনক অ্যাকাউন্টিং সম্পর্কিত কাজ, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণের বিষয়গুলি;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ সম্পর্কিত দুর্বলতা;
- চুরি, দুর্নীতি, প্রতারণা;
- স্বার্থের সংঘাত;



- গোপনীয়তা লঙ্ঘন;
- অনুচিতভাবে Gildan-এর নাম এবং সম্পত্তি ব্যবহার করা;
- মানবাধিকার, সমুদায়ের সাথে যুক্ত বা পরিবেশ সম্পর্কিত বিষয়গুলি লঙ্ঘন করা;
- Gildan বা তৃতীয় পক্ষ ঠিকাদারের কর্মস্থলে ঘটা স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত সমস্যা;
- Gildan বা Gildan-এর কর্মী, ঠিকাদার, পরামর্শদাতা, এজেন্ট বা সরবরাহকারীদের দ্বারা Gildan-এর আচরণবিধি লঙ্ঘন করা; অথবা
- Gildan বা Gildan-এর কর্মী, অধিকারিক বা অধিকর্তাদের দ্বারা Gildan-এর নীতিমালা বা অন্যান্য কোম্পানি নীতি লঙ্ঘন করা।

### III. কোনরকম প্রতিশোধমূলক আচরণ করা যাবে না

এই নীতি মেনে, সং উদ্দেশ্যে কোনও ব্যক্তি যদি অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের অভিযোগ করেন তাহলে সেই ব্যক্তির বিরুদ্ধে কোনরকম প্রতিহিংসা বা প্রতিশোধমূলক পদক্ষেপ নেওয়া যাবে না, যার মধ্যে অন্তর্ভুক্ত হল হুমকি হয়রানি অথবা অভিযোগকারী যদি Gildan-এর কর্মী হন, তাহলে বরাখাস্ত, পদোন্নতি, বিলম্বিত করা বা কর্মসংস্থানের শর্তাবলীতে কোনরকমের বৈষম্যমূলক আচরণ করা যাবে না। কোনও ব্যক্তি যদি সং উদ্দেশ্যে অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে অভিযোগ করেন, তাহলে সেই ব্যক্তির বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ করা হলে তা এই নীতি লঙ্ঘন করা হয়েছে বলে বিবেচনা করা হবে।

ইচ্ছাকৃতভাবে মিথ্যা অভিযোগ বা রিপোর্ট করা হলে, সেই কাজটিকেও এই নীতি লঙ্ঘন করা হয়েছে বলে বিবেচনা করা হবে। অভিযোগকারী যদি Gildan-এর কর্মী হন, তাহলে সেই কর্মী শাস্তিমূলক পদক্ষেপের সম্মুখীন হতে পারেন এবং যার পরিমাণ বরখাস্তকরণ পর্যন্ত হতে পারে।

### IV. উদ্বেগের বিষয়ে অভিযোগ করা

#### 1. যোগাযোগের মাধ্যমে অভিযোগ করার পরিকাঠামো

অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের অভিযোগ কার্যকরভাবে পাওয়া, সেই বিষয়ে অভিযোগ করতে, ধরে রাখতে, ফলা-আপ এবং সমাধান করতে সহায়তা করতে, নিম্নলিখিত যোগাযোগের মাধ্যমে অভিযোগ করার পরিকাঠামো লাগু করা হয়েছে:

#### (i) কর্মীদের জন্য ম্যানেজমেন্ট চ্যানেলসমূহ

Gildan-এর যে কর্মীরা মনে করেন যে অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ ঘটেছে বা ঘটবে তাদেরকে সাধারণ ম্যানেজমেন্ট চ্যানেলগুলির মাধ্যমে উদ্বেগের বিষয়ে অভিযোগ করার জন্য উৎসাহিত করা হয়, যদি তারা



এটি করতে স্বচ্ছন্দ বোধ করেন। এর অর্থ হল যে কর্মীদের তাদের সুপারভাইজার, বিভাগীয় প্রধান, স্থানীয় মানব সম্পদ বিভাগ বা আইনগ বিষয় নিয়ে কাজ করা বিভাগের সাথে কথা বলা উচিত। কর্মীদের এমন কোনও ব্যক্তির কাছে অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের ব্যাপারে অভিযোগ করা উচিত নয়, যারা এই ধরনের কাজে যুক্ত আছেন বা এই ধরনের কাজকে প্রশয় দেন বলে মনে করা হয়।

(ii) কর্মীদের জন্য যোগাযোগ করা অতিরিক্ত চ্যানেলগুলি

যেখানে কোনও কর্মী মনে করেন যে অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে উপরে উল্লেখিত চ্যানেলগুলির মাধ্যমে অভিযোগ করা হলে তা উপযুক্তভাবে সমাধান করা হবে না বা এই ধরনের অভিযোগকে প্রয়োজনীয়তা গোপনীয়তার স্তর প্রদান করা হবে না, সেই ক্ষেত্রে নিম্নলিখিত যোগাযোগের অতিরিক্ত চ্যানেলগুলি তাদের জন্য সর্বদা উপলভ্য আছে:

- A. সমস্যাগুলি বিস্তারিত বিবরণ লিখে Gildan-এর নৈতিক এবং প্রতারণা অনুবর্তীতা কমিটি ( “**নৈতিক কমিটি**”) -এর চেয়ারম্যানের কাছে [EthicsandFraud@gildan.com](mailto:EthicsandFraud@gildan.com) এই ই-মেল ঠিকানায় উদ্বেগগুলি পাঠানো যেতে পারে।
- B. যদি কোম্পানির কোনও কার্যনির্বাহী আধিকারিক এমন বিষয়ের সাথে যুক্ত থাকেন যার অভিযোগ করা হবে, তাহলে অভিযোগকারী কর্মীর উচিত সমস্যার বিস্তারিত বিবরণ লিখে পর্ষদের স্বতন্ত্র চেয়ারম্যানকে [BoardChair@gildan.com](mailto:BoardChair@gildan.com) এই ই-মেল ঠিকানায় পাঠানো।
- C. যদি কোম্পানির কোনও কার্যনির্বাহী আধিকারিক এই বিষয়ের সাথে যুক্ত থাকেন এবং তা যদি সন্দেহজনক অ্যাকাউন্টিংয়ের কাজ, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণের বিষয় সম্পর্কিত হয় তাহলে অভিযোগকারী কর্মীর উচিত সমস্যার বিস্তারিত বিবরণ লিখে পর্ষদের নিরীক্ষণ এবং ফিন্যান্স কমিটির চেয়ারম্যানকে [AuditChair@gildan.com](mailto:AuditChair@gildan.com) এই ই-মেল ঠিকানায় পাঠানো।
- D. কর্মী যদি সরাসরি নৈতিক কমিটির চেয়ারম্যান, পর্ষদের চেয়ারম্যান বা নৈতিক এবং ফিন্যান্স কমিটির চেয়ারম্যানের কাছে অভিযোগ জানাতে স্বচ্ছন্দ বোধ না করেন বা কর্মী যদি নিজের পরিচয় গোপন রাখতে চান, তাহলে কর্মীর বহিঃস্থ নৈতিক এবং অনুবর্তীতা হটলাইনের মাধ্যমে অভিযোগ করা উচিত। (“**হটলাইন**”) ( হটলাইনের বিষয়ে আরও তথ্যের জন্য নিচের বিভাগটি2 দেখুন)।
- E. কোনও সুপারভাইজার বা ম্যানেজার যদি অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ সম্পর্কিত এমন কোনও অভিযোগ পান যা সাধারণ ম্যানেজমেন্ট চ্যানেলগুলির মাধ্যমে পর্যাপ্তভাবে সমাধান করা যাবে না তাহলে তাদের উচিত সেই অভিযোগের বিষয়ে অবিলম্বে উপরে উল্লেখ করা অতিরিক্ত যোগাযোগের চ্যানেলগুলির কোনও একটির মাধ্যমে রিপোর্ট করা।



(iii) বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য যোগাযোগের প্রত্যক্ষ চ্যানেলসমূহ

এর স্টেকহোল্ডার যুক্ত রাখার নীতির মাধ্যমে Gildan বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে নিরবিচ্ছিন্ন বার্তালাপের প্রক্রিয়া বজায় রাখতে অঙ্গীকারবদ্ধ। এর মধ্যে বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য কেবলমাত্র অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে অভিযোগ করার প্ল্যাটফর্ম প্রদান করা অন্তর্ভুক্ত নয় বরং তার সাথে সাথে তারা প্রাসঙ্গিক মনে করেন এমন যেকোনও মতামত কোম্পানিকে দেওয়াও অন্তর্ভুক্ত যার মধ্যে আছে ধারণা, উন্নতি করার জায়গাগুলি বা সুঅভ্যাস। বহিরাগত স্টেকহোল্ডাররা যদি স্বচ্ছন্দ বোধ করেন তাহলে উদ্বেগ, সমস্যা বা মতামত নিম্নলিখিত প্রত্যক্ষ যোগাযোগের চ্যানেলের মাধ্যমে জানানোর জন্য তাদেরকে উৎসাহিত করা হয়:

- A. মধ্য আমেরিকা এবং ক্যারিবিয়ান বেসিন সম্পর্কিত উদ্বেগ, সমস্যা বা মতামতের বিষয়ে অভিযোগ করার জন্য সমস্যার বিষয়ে বিশদ বিবরণ সহ লিখে নিম্নলিখিত ই-মেল ঠিকানার মাধ্যমে কর্পোরেট সিটিজেনশিপ বিভাগে পাঠান [comunicaciones.HON@gildan.com](mailto:comunicaciones.HON@gildan.com)।
- B. অন্যান্য অঞ্চল সম্পর্কিত উদ্বেগ, সমস্যা বা মতামতের বিষয়ে অভিযোগ করার জন্য সমস্যার বিষয়ে বিশদ বিবরণ সহ লিখে নিম্নলিখিত ই-মেল ঠিকানার মাধ্যমে কর্পোরেট সিটিজেনশিপ বিভাগে পাঠান [CC@gildan.com](mailto:CC@gildan.com)।
- C. অভিযোগকারী যদি Gildan-এর কোনও তৃতীয় পক্ষের নির্মাতা ঠিকাদারের কর্মী হন বা উদ্বেগটি যদি Gildan-এর কোনও তৃতীয় পক্ষের নির্মাতা ঠিকাদার সম্পর্কিত হয়, তাহলে অভিযোগকারীকে উদ্বেগ, সমস্যা বা মতামতের বিষয়ে একটি বিস্তারিত বিবরণ লিখে নিম্নলিখিত ই-মেল ঠিকানার মাধ্যমে কর্পোরেট সিটিজেনশিপ বিভাগে পাঠাতে হবে [worker.hotline@gildan.com](mailto:worker.hotline@gildan.com)।

(iv) বহিরাগত স্টেকহোল্ডারদের জন্য যোগাযোগের অতিরিক্ত চ্যানেলসমূহ

যে ক্ষেত্রে কোনও বহিরাগত স্টেকহোল্ডার মনে করেন যে কোনও অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপ (অথবা অন্য যেকোনও সমস্যা বা উদ্বেগ যে বিষয়টি স্টেকহোল্ডার উত্থাপন করতে চান) উপরে উল্লিখিত প্রত্যক্ষ চ্যানেলগুলির মাধ্যমে জানানো হলে উপযুক্তভাবে সমাধান করা যাবে না বা সেই অভিযোগকে প্রয়োজনীয় স্তরের গোপনীয়তা প্রদান করা হবে না, সেই ক্ষেত্রে নিম্নলিখিত যোগাযোগের অতিরিক্ত চ্যানেলগুলি সর্বদা উপলভ্য থাকবে:

- A. নৈতিকতা কমিটি -এর চেয়ারম্যানকে সমস্যার বিশদ বিবরণ লিখে [EthicsAndFraud@gildan.com](mailto:EthicsAndFraud@gildan.com) এই ই-মেল ঠিকানায় পাঠিয়ে উদ্বেগের বিষয়ে অভিযোগ করা যেতে পারে,



- B. যদি কোম্পানির কোনও কার্যনির্বাহী আধিকারিক এমন বিষয়ের সাথে যুক্ত থাকেন যার অভিযোগ করা হবে, তাহলে বহিরাগত স্টেকহোল্ডারের উচিত সমস্যার বিস্তারিত বিবরণ লিখে পর্ষদের স্বতন্ত্র চেয়ারম্যানকে [BoardChair@gildan.com](mailto:BoardChair@gildan.com) এই ই-মেল ঠিকানায় পাঠানো।
- C. বহিরাগত স্টেকহোল্ডার যদি যুক্তিসঙ্গতভাবে মনে করেন যে কোম্পানি সন্দেহজনক অ্যাকাউন্টিং, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণের কাজে যুক্ত অথবা তিনি যদি কোম্পানির অ্যাকাউন্টিং, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণের বিষয়ে সং উদ্দেশ্যে অভিযোগ করে থাকেন, তাহলে অভিযোগকারী স্টেকহোল্ডারের উচিত সমস্যা বিশদ বিবরণ লিখে [AuditChair@gildan.com](mailto:AuditChair@gildan.com) এই ই-মেল ঠিকানায় নিরীক্ষণ ও ফিন্যান্স কমিটির স্বতন্ত্র চেয়ারম্যানকে পাঠানো।
- D. স্টেকহোল্ডার যদি সরাসরি কর্পোরেট সিটিজেনশিপ বিভাগ, নৈতিক কমিটির চেয়ারম্যান, নিরীক্ষণ এবং ফিন্যান্স কমিটি পর্ষদ বা চেয়ারম্যানের কাছে অভিযোগ জানাতে স্বচ্ছন্দ বোধ না করেন অথবা বহিরাগত স্টেকহোল্ডার যদি নিজের পরিচয় গোপন রাখতে চান, তাহলে বহিরাগত স্টেকহোল্ডারের গোপন বহিঃস্থ হটলাইনের মাধ্যমে অভিযোগ করা উচিত (হটলাইনের বিষয়ে আরও জানতে নিচে বিভাগ 2 দেখুন)।

(v) অভিযোগ দাখিল করা

এই নীতির মাধ্যমে কোনও অভিযোগ করার সময়, কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের যথা সম্ভব বেশি প্রমাণ সহকারে অভিযোগ করার পরামর্শ দেওয়া হয় এবং তার সাথে সাথে বিষয়টির সম্পর্কে যতবেশি সম্ভব তথ্য প্রদান করতে বলা হয়। এটি একটি সম্পূর্ণ তদন্ত পরিচালনা করতে সাহায্য করে এবং Giladan-এর অন্যান্য কর্মী বা স্টেকহোল্ডারদেরকে বিকৃত বা ভুলভাবে বোঝা কাজ, কার্যকলাপ বা ধারণার থেকে ভুল বা সম্ভাব্য ক্ষতিকর অভিযোগ থেকে রক্ষা করবে। কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদেরকে তাদের নাম এবং যোগাযোগের তথ্য দেওয়ার জন্য উৎসাহিত করা হয় যাতে একটি পর্যাপ্ত তদন্ত করা যায়, তবে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডার চাইলে পরিচয় গোপন রেখে অভিযোগ করতে পারেন।

(vi) অভিযোগ পর্যালোচনা করা

এই নীতির মাধ্যমে পাওয়া অভিযোগগুলি নিম্নলিখিতভাবে পর্যালোচনা করা হবে:

- A. হটলাইনের মাধ্যমে পাওয়া সমস্ত অভিযোগ এবং অন্য যেকোনও যোগাযোগের চ্যানেলের মাধ্যমে পাওয়া সমস্ত অভিযোগ যা কোনও অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের সাথে সম্পর্কযুক্ত, সেগুলিকে আইনি, মানব সম্পদ এবং নৈতিক কমিটি দ্বারা নিয়োজিত অভ্যন্তরীণ নিরীক্ষণ প্রতিনিধির “**নৈতিক কমিটির প্রতিনিধি**” কাছে পাঠানো হবে।



- B. প্রাপ্ত অভিযোগগুলির প্রতিটি নৈতিক কমিটির প্রতিনিধি পর্যালোচনা করবেন এবং প্রতিটি রিপোর্ট করা অভিযোগের ক্ষেত্রে প্রকৃতি, গুরুত্ব এবং বিষয়বস্তুর নিরিখে কোম্পানির কোন ব্যক্তি(দের) তদন্ত, সমাধান করা এবং সিদ্ধান্তে উপনীত হওয়ার দায়িত্ব দেওয়া হবে তা নির্ধারণ করবেন। যে ব্যক্তিকে অভিযোগের তদন্ত করার দায়িত্ব দেওয়া হয়েছে তিনি বাস্তবে যতটা সম্ভব যুক্তিসঙ্গতভাবে তার বিভাগের সম্পদগুলি বা বহিঃস্থ সম্পদগুলি ব্যবহার করবেন, যেমন স্বতন্ত্র বহিঃস্থ যাচাইকরণ সন্থা, যেমন প্রয়োজন হবে, এই ধরনের অভিযোগের তদন্ত, সমাধান এবং সিদ্ধান্ত উপনীত হওয়ার জন্য।
- C. প্রাপ্ত কোনও অভিযোগে যদি সন্দেহজনক অ্যাকাউন্টিং কার্যকলাপ, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ বা নিরীক্ষণ বিষয় যুক্ত থাকে এবং সেই অভিযোগ সত্য হলে যদি Gildan-এর উপর বস্তুগত প্রভাব পড়ে তাহলে নিরীক্ষণ এবং ফিন্যান্স কমিটির চেয়ারম্যান তদন্তে যুক্ত হবেন।
- D. প্রাপ্ত কোনও অভিযোগে যদি প্রেসিডেন্ট, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বা বরিষ্ঠ কার্যনির্বাহী দলের কোনও সদস্য যুক্ত থাকেন তাহলে পর্ষদের চেয়ারম্যান তদন্তে যুক্ত হবেন।
- E. নৈতিক কমিটির প্রতিনিধি, পর্ষদের চেয়ারম্যান এবং নিরীক্ষণ এবং ফিন্যান্স কমিটির চেয়ারম্যান যিনি প্রযোজ্য হবেন তিনি পদে থাকতে পারেন এবং বহিঃস্থ নিরীক্ষক, বহিঃস্থ আইনি উপদেষ্টা এবং অন্যান্য বিশেষজ্ঞদের সাথে অভিযোগের তদন্ত এবং সমাধান করার প্রয়োজন অনুসারে গোপনভাবে আলোচনা করতে পারেন।
- F. প্রকৃতি, গুরুত্ব এবং জটিলতার মতো বিষয়গুলি বিবেচনা করে তদন্তের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি শীঘ্র অভিযোগের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন।
- G. প্রতিটি তদন্তের ফলাফল এবং তা থেকে উপনীত হওয়া সিদ্ধান্ত নৈতিক কমিটির সামনে উপস্থাপিত করা হবে।

(vii) অভিযোগের বিষয়ে ফলো-আপ করা এবং সমাধান করা

সাধারণত নৈতিক কমিটির প্রতিনিধি তদন্তের শেষে ফলাফল এবং উপনীত হওয়া সিদ্ধান্তের বিষয়ে সেই কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারকে জানাবেন যিনি অভিযোগটি করেছিলেন (যদি জানা যায়)। কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডার যদি হটলাইনের মাধ্যমে রিপোর্ট করে থাকেন, তাহলে নৈতিক কমিটির প্রতিনিধি কর্মী বা বহিরাগত প্রতিনিধিকে হটলাইনের মাধ্যমে জানাবেন।

(viii) অভিযোগের অভ্যন্তরীণ রিপোর্টিং

নৈতিক কমিটি প্রাপ্ত অভিযোগ এবং প্রযোজ্য হলে তদন্তের ফলাফল এবং নিরাময়কারী পদক্ষেপের বিষয়ে কোম্পানির কার্যনির্বাহী-স্তরের অনুবর্তীতা স্টিয়ারিং কমিটির কাছে একটি ত্রৈমাসিক স্থিতি রিপোর্ট উপস্থাপিত করবে। এর পরে অনুবর্তীতা স্টিয়ারিং কমিটি Gildan-এর পরিচালন পর্ষদের কাছে অভিযোগের প্রকৃতি এবং গুরুত্বের ভিত্তিতে এর





নিরীক্ষণ এবং ফিনান্স কমিটি বা ক্ষতিপূরণ ও মানব সম্পদ কমিটি বা কর্পোরেট গভর্নেন্স এবং সামাজিক দায়িত্ব কমিটির মাধ্যমে প্রাপ্ত অভিযোগের উপর একটি ত্রৈমাসিক রিপোর্ট (প্রয়োজন হলে আরও দ্রুত) পেশ করবে।

## 2. নৈতিকতা এবং অনুবর্তীতা হটলাইন

কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের অনুচিত কাজ বা সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে ম্যানেজমেন্ট চ্যানেলের মাধ্যমে অভিযোগ করার জন্য উৎসাহিত করার সাথে সাথে, কোম্পানি যোগাযোগের চ্যানেল হিসেবে একটি হটলাইনও সেট-আপ করেছে যার মাধ্যমে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডাররা গোপনে এবং বেনামে এই বিষয়গুলির অভিযোগ করতে পারেন, যদি তারা বেশি স্বচ্ছন্দ বোধ করেন। হটলাইনের মূল বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ:

- হটলাইনটি একটি স্বতন্ত্র তৃতীয় পক্ষের পরিষেবা প্রদানকারী দ্বারা পরিচালিত, যারা কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারদের থেকে পাওয়া সমস্ত অভিযোগ গ্রহণ করে, বজায় রাখে, রেকর্ড করে এবং রিপোর্ট করে।
- কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডাররা হটলাইনের মাধ্যমে হটলাইন ওয়েবসাইট একটি লিখিত রিপোর্ট জমা করে বা Gildan যে দেশগুলিতে কাজ করে সেই দেশগুলির জন্য নির্দিষ্ট করা হটলাইনের নিঃশব্দ টেলিফোন নম্বরে ফোন করে অভিযোগ করতে পারেন। স্থানীয় নিঃশব্দ হটলাইন নম্বরগুলি প্রতিটি অফিস বা প্ল্যান্টে পোস্ট করা আছে এবং Gildan-এর ওয়েবসাইটেও দেওয়া আছে।
- হটলাইনগুলি 24 ঘন্টা, সপ্তাহের সাত দিন কাজ করে এবং Gildan যে দেশগুলিতে কাজ করে এই সুবিধা সেই প্রতিটি দেশের স্থানীয় ভাষায় উপলভ্য।
- নতুন কর্মীরা যখন Gildan-এর সাথে কাজ করা শুরু করেন তখনই স্থানীয় মানব সম্পদ বিভাগ তাদেরকে হটলাইনের বিষয়ে জানিয়ে দেন।
- নিয়মিত প্রশিক্ষণ এবং যোগাযোগের মাধ্যমে সকল কর্মীকে হটলাইনের বিষয়ে মনে করিয়ে দেওয়া হয়।
- বহিরাগত স্টেকহোল্ডারদের হটলাইনের বিষয়ে Gildan-এর ওয়েবসাইট, সমুদায়ের প্রতিনিধিদের সাথে মিটিং এবং তার সাথে সাথে স্টেকহোল্ডারদের সাথে প্রত্যক্ষভাবে যোগাযোগ করার মাধ্যমে অবগত করা হয়।
- রিপোর্ট করা অভিযোগের বিশদ বিবরণ অভিযোগের প্রকৃতি (যেমন, সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়, মানবাধিকার সম্পর্কিত ঝুঁকি বা আইনগত বিষয়) অনুসারে রেকর্ড এবং বাছাই করা হয়।
- কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারদের করা অভিযোগের জন্য তাদের একটি শনাক্তকরণ নম্বর দেওয়া হয় যাতে তারা হটলাইনের মাধ্যমে তদন্তের আপডেট পেতে পারেন।
- হটলাইন পরিষেবা প্রদানকারী সমস্ত অভিযোগ নৈতিক কমিটির প্রতিনিধির কাছে সময়মতো রিপোর্ট করে।



- অভিযোগের শ্রেণিবিভাগের একটি সম্পূর্ণ তালিকা এই ওয়েবসাইটে পাওয়া যেতে পারে <https://secure.ethicspoint.eu/domain/media/en/gui/100213/index.html>।

### 3. **কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের গোপনীয়তা**

কোনও অভিযোগ সম্পর্কিত তথ্য এবং তদন্ত চলাকালীন অর্জিত তথ্য গোপন রাখা হবে এবং যতদূর পর্যন্ত আইনগত সম্ভবতা ততটা অন্যদের কাছে প্রকাশ করা হবে না, “জানা প্রয়োজন” বা প্রয়োজ্য আইন অনুসারে প্রয়োজন হলে সেই ক্ষেত্রে ব্যতিক্রম হতে পারে।

হটলাইন তৈরি করা হয়ে কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডারদের গোপনীয়তা রক্ষা করার জন্য এবং কর্মী এবং বহিরাগত স্টেকহোল্ডাররা হটলাইনের মাধ্যমে যে অভিযোগ করবেন তাতে অভিযোগকারীর পরিচয় গোপন রাখা হবে। যে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডার পরিষেবাটি ব্যবহার করবেন তাকে অভিযোগের সাথে রেজিস্টার করা একটি শনাক্তকরণ নম্বর প্রদান করা হবে এবং তার সাথে একটি কল ব্যাকের সময়সূচী প্রদান করা হবে, যাতে পরবর্তী যোগাযোগগুলি গোপনভাবে এবং সময়মতো করা যায়।

নির্দিষ্ট কিছু প্রকৃতির অভিযোগের ক্ষেত্রে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারকে নিজেদের পরিচয় সেই ব্যক্তির কাছে দিতে হতে পারে যার উপর এই তদন্তের ভার দেওয়া হয়েছে যাতে কোনও পরিস্থিতি সমাধান এবং/অথবা সংশোধন করা যায়। এই ক্ষেত্রে, তদন্ত এমনভাবে করা হবে যাতে কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারের পরিচয় যতটা সম্ভব যুক্তিসঙ্গতভাবে সুরক্ষিত রাখা যায় এবং “জানা প্রয়োজন” বা আইনের দ্বারা প্রয়োজনীয় না হলে কোনও কিছুই অন্যদের কাছে প্রকাশ করা হবে না।

এই নীতি কোনও কিছুই কর্মী বা বহিরাগত স্টেকহোল্ডারকে সন্দেহজনক অ্যাকাউন্টিং কার্যকলাপ, অভ্যন্তরীণ অ্যাকাউন্টিং নিয়ন্ত্রণ, নিরীক্ষণ বিষয় অন্য যেকোনও বিষয় সম্পর্কে পরিচয় গোপন রেখে অভিযোগ করা থেকে প্রতিহত করে না।

### 4. **অতিরিক্ত তথ্য**

এই নীতিটি কেবলমাত্র নির্দেশিকা হিসেবে ব্যবহার করার জন্য। কর্মীর কর্মসংস্থানের স্থিতি পরিবর্তন করা বা কোম্পানির তরফ থেকে কোনও ব্যক্তির প্রতি কোনও চুক্তি সম্পর্কিত বাধ্যবাধ্যকতা সৃষ্টি করা এই নীতি কোনও কিছুর উদ্দেশ্য নয়। এছাড়া, কোম্পানির তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে, প্রয়োজ্য আইন মেনে এই নীতি পরিবর্তন করা বা এই নীতি থেকে সরে আসার অধিকার কোম্পানির আছে।

এই নীতির বিষয়ে কর্মীদের কোনও প্রশ্ন থাকলে তাদের উচিত Maria Reit (মারিয়া রেইট), অধিকর্তা, আইনি বিষয় এবং অনুবর্তীতা বিভাগ-এর সাথে (514) 744-8567 এই ফোন নম্বর অথবা [mreit@gildan.com](mailto:mreit@gildan.com) এই ই-মেল ঠিকানার মাধ্যমে যোগাযোগ করা।